# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আযান শুনার সময় আল্লাহর প্রিয়ভাজন নাবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য মাকামে মাহমূদ চাইবে, তার জন্য কিয়ামতের দিন সুপারিশ অবধারিত হয়ে যাবে

## ذِكْرُ إِيجَابِ الشَّفَاعَةِ فِي الْقِيَامَةِ لِمَنْ سَأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا لِصَفِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَقَامَ الْمَحْمُودَ عِنْدَ الْأَذَانِ يَسْمَعُهُ

---

আরবী

1687 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ قَالَ: حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ حِينَ يَسْمَعُ النِّدَاءَ: اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلَاةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَثْهُ الْمَقَامَ الْمَحْمُودَ الَّذِي وَعَدْتَهُ إِلَّا حَلَّتْ له الشفاعة يوم القيامة)

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1687 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (540)، ((تخريج فقه السيرة)) (385)

বাংলা

১৬৮৭. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আযান শুনে বলবে,

اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلَاةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدًا  الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَثْهُ الْمَقَامَ الْمَحْمُودَ الَّذِي وَعَدْتَهُ

(অর্থ: হে আল্লাহ, এই পরিপূর্ণ আহবান ও প্রতিষ্ঠিত সালাতের প্রভু, আপনি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রদান করুন ওয়াসীলাহ ও বিশেষ মর্যাদা আর তাঁকে প্রেরণ করুন মাকামে মাহমূদে, যার প্রতিশ্রুতি

আপনি তাকে দিয়েছেন)।”[1]

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৭২২; সহীহ ইবনু খুযাইমাহ: ৪২০; মুসনাদ আহমাদ: ৩/৩৫৪; সহীহ আল বুখারী: ৬১৪; আবূ দাঊদ: ৫২৯; তিরমিযী: ২১১; নাসাঈ: ২/২৬-২৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৪৬; তাবারানী আস সাগীর: ১/২৪০; ইবনুস সুন্নী, আমালুল ইওয়ামি ওয়াল লাইলাহ: ৪৫ পৃষ্ঠা; সুনান বাইহাকী: ১/৪১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪২০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন